নাম: মো: মামুন

জন্ম তারিখ: ৪ জানুয়ারি, ১৯৮৪

শহীদ হওয়ার তারিখ: ৫ আগস্ট, ২০২৪

ব্যক্তিগত তথ্য:

পেশা: ব্যবসা,

শাহাদাতের স্থান : মিরপুর-১

## শহীদের জীবনী

শহীদ মো: মামুনের (৪ জানুয়ারি ১৯৮৪- ৫ আগস্ট ২০২৪) জন্ম রংপুরের পীরগাছা থানার আদম বাড়াইপাড়া গ্রামে।কিন্তু ব্যবসার সুবাদে তাকে থাকতে হয় মিরপুর-২ এ, এখানেই ব্যবসা প্রতিষ্ঠান রপ্তানীমুখী গার্মেন্টস।প্রতিষ্ঠানের সামনে দাঁড়িয়ে ছিলেন তিনি ।মিছিল শুরু হলে তিনিও মিছিলে যোগ দেন।২০২৪ সালের ৫ আগস্ট শেখ হাসিনার পদত্যাগের একদফা দাবিতে মানুষের ঢল নামে ঢাকার রাস্তায়।চলমান মিছিলের লক্ষ্য ছিল গণভবন ।সকাল সাড়ে ৮ টার দিকে পুলিশ মিছিলে গুলি চালায়।বুকে গুলিবিদ্ধ হন জনাব মো: মামুন এবং ঘটনাস্থলেই তিনি শাহাদাতবরণ করেন ।ব্যবসায়ী পিতা আজগর আলী (৬০) ও গৃহিণী মাতা মোছলিমা খাতুনের (৫৫) একমাত্র পুত্র সন্তান তিনি।

ব্যক্তিগত জীবন

শহীদ মো: মামুন ছিলেন পেশায় একজন ব্যবসায়ী।ঢাকার মিরপুর-২ এ তাদের একটা পার্টনারশীপের ব্যবসা ছিল।এক্সপোর্ট-ইমপোর্টের (গার্মেন্টস) ব্যবসা। চারজন পার্টনারের একজন ছিলেন মামুন।তার পিতাও ব্যবসায়ী।তার স্ত্রী শারমীন আক্তার ঢাকা দ্বীন মোহাম্মদ চক্ষু হাসপাতালে চাকরি করেন।শহীদ মো: মামুন এবং শারমীন আক্তার ছিলেন নিঃসন্তান।তারা তিন ভাই-বোন।তার বোনদের মধ্যে মোসা: নাছরীন আক্তার (৩৬) গৃহিণী এবং মোসা: আঁখি আক্তার (১৭) পড়াশোনা করেন পাওটানা বালিকা দাখিল মাদ্রাসার একাদশ শ্রেণিতে।ব্যক্তিগত জীবনে মামুন জীবন-জীবিকার সন্ধানে সংগ্রামী ছিলেন।ফলে ঢাকা হয়ে ওঠে ব্যবসা ও আবাসস্থল।

পরিবারের অর্থনৈতিক অবস্থা

শহীদের পিতা মো: আজগর আলীর নিজস্ব একটি পাইপ কারখানা রয়েছে।শহীদ মো: মামুনও ছিলেন ব্যবসায়ী এবং তার স্ত্রী শারমীন আক্তার ছিলেন চাকরিজীবী।সেই দৃষ্টিকোণ থেকে দেখলে আর্থিক একটা মজবুত ভিত্তি এ পরিবারের ছিল।

যেভাবে শহীদ হন মো: মামুন

৫ আগস্ট সকালে মিরপুর-২ এ নিজ ব্যবসা প্রতিষ্ঠানের সামনে দাঁড়িয়ে ছিলেন শহীদ মো: মামুন।স্বৈরাচারী শেখ হাসিনা পদত্যাগের এক দফা দাবিতে গণভবন অভিমুখে মানুষের ঢল নেমেছে রাস্তায়।এই স্রোত মামুনকেও টানল।নিজেকে আর ধরে রাখতে পারলেন না তিনি।মিশে গেলেন মানুষের মিছিলে।সকাল সাড়ে ৮ টার দিকে পুলিশ মিছিলে গুলি চালায়।বুকে গুলিবিদ্ধ হন শহীদ মো: মামুন এবং ঘটনাস্থলেই তিনি শাহাদাতবরণ করেন ।

শহীদ সম্পর্কে আত্মীয়-স্বজনের প্রতিক্রিয়া

শহীদ মো. মামুনের ভাগ্নে সৈয়দ আল মুরাদ বলেন, "মামা ছিলেন অত্যন্ত ভদ্র এবং বিনয়ী।মিরপুর-২ এ তার পার্টনারশীপের ব্যবসা ছিল।৫ আগস্ট তিনি স্বৈরাচার পতনের এক দফা দাবিতে রাস্তা নামেন এবং বুকে গুলিবিদ্ধ হয়ে ঘটনাস্থলেই মৃত্যুর কোলে ঢলে পড়েন।পরিবারের বড় ছেলে হিসেবে তিনি সবার খোঁজখবর রাখতেন।স্বৈরাচার সরকারের পতন হয়ে আমরা খুঁশি কিন্তু আমরা এর সুষ্ঠু বিচারও দাবি করছি।'

এক নজরে শহীদ মামুন

নাম : মো: মামুন

পিতা : মো: আজগর আলী

মাতা : মোসা: মোছলিমা খাতুন

পেশা : ব্যবসায়ী

জন্ম তারিখ ও বয়স : ৪ জানুয়ারি ১৯৮৪, ৪০ বছর

আহত ও শহীদ হওয়ার তারিখ : ৫ আগস্ট ২০২৪, সকাল ৮:৩০ মিনিট

শাহাদাৎ বরণের স্থান : মিরপুর-১

দাফনের স্থান

কবরের জিপিএস লোকেশন : ২৫ক্ক৪০'২২.১"ঘ ৮৯ক্ক২৮'৩৫.৪"উ

স্থায়ী ঠিকানা : গ্রাম: আদম বাড়াইপাড়া, থানা: পীরগাছা, জেলা: রংপুর

ভাইবোন ও সন্তানের বিবরণ : দুই বোন।তাদের কোন সন্তান নেই

সৌজন্যে: বাংলাদেশ জামায়াতে ইসলামী